**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-07-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) দু'দিনব্যাপী Destination Tripura Business Conclave আজ থেকে আগরতলায় শুরু হয়েছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে বিভিন্ন ক্ষেত্রে প্রায় ১ লক্ষ কোটি টাকার বিনিয়োগের সম্ভাবনা তৈরি হয়েছে।**

**(৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দেশের সীমান্ত নিরাপত্তা কাঠামোকে শক্তিশালী করার উপর গুরুত্ব আরোপ করেছেন।**

**(৪) বিশ্বকাপে দুই শক্তিধর দেশ ফ্রান্স ও মরক্কো সেমি–ফাইনালের লক্ষ্যে নামছে আজ।**

*****************************************

**Destination Tripura Business Conclave :**

দু'দিনব্যাপী Destination Tripura Business Conclave আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনের অডিটরিয়ামে কনক্লেভের উদ্বোধন করেন। তিনি বলেন, এই কনক্লেভের মাধ্যমে রাজ্যে বিভিন্ন ক্ষেত্রে প্রায় ১ লক্ষ কোটি টাকার বিনিয়োগের সম্ভাবনা তৈরি হয়েছে। ত্রিপুরা শিল্প বানিজ্য দপ্তর ও ফিকি আয়োজিত বিজনেস কনক্লেভে, দেশ বিদেশের বিভিন্ন শিল্পসংস্থা, উদ্যোগপতি ও বিনিয়োগকারীগণ অংশ নিয়েছেন। তাছাড়া ভারতে নিযুক্ত বাংলাদেশ হাইকমিশন, দক্ষিণ আফ্রিকা, নেপাল, ফিলিপিন্স, উজবেকিস্তান, কাজাখিস্তান, রিপাবলিক অব টিমোর –লেস্তে, চিলি, লাও পিডিয়ার প্রভৃতি দেশের রাষ্ট্রদূতরা অংশ গ্রহন করেন।

অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন কেন্দ্রীয় শিল্প বানিজ্য মন্ত্রী পীযুষ গোয়েল, উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে হোটেল শিল্প, পর্যটন পরিষেবা, তথ্য প্রযুক্তি, মেডিকেল শিক্ষা ও স্বাস্থ্য, বাঁশ শিল্প, রাবার, চা ইত্যাদি ক্ষেত্রে বিনিয়োগে মৌ চুক্তি হস্তান্তর করা হয়।

বিজনেস কনক্লেভে ভার্চুয়ালি ভাষণে কেন্দ্রীয় শিল্প বানিজ্য মন্ত্রী পীযুশ গোয়েল বলেন, বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগের জন্য ত্রিপুরা অন্যতম উপযুক্ত এক রাজ্য। রাজ্য সরকার শিল্প বিনিয়োগে এক আদর্শ পরিবেশ তৈরি করেছে। তিনি এম.এস.এম.ই ক্ষেত্রকেও শিল্প বানিজ্য বিনিয়োগে অন্তর্ভুক্ত করার উপর জোর দেন। শ্রী গোয়েল বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশিত বিকশিত ভারত গঠনে ত্রিপুরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

ভার্চুয়াল ভাষণে উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেন, গত ১২ বছরে ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রভুত উন্নতি হয়েছে। রেল, সড়ক, বিমান যোগাযোগ সব দিক দিয়ে আমূল পরিবর্তন সাধিত হয়েছে। ত্রিপুরায় জিএসডিপি দেশের গড় অনুপাতের প্রায় সমান। প্রাকৃতিক রাবার, চা, বাঁশ, প্রাকৃতিক গ্যাস, বিদ্যুৎ, কৃষিতে সমৃদ্ধ এই রাজ্যে এখন বিনিয়োগের প্রচুর সম্ভাবনা।

****************************

**PM-Melbourne :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে যৌথ লড়াই ভারত ও অস্ট্রেলিয়ার পারস্পরিক সহযোগিতা ক্রমাগত জোরদার হচ্ছে। আজ অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজের সঙ্গে যৌথ সাংবাদিক সম্মেলনে শ্রী মোদী একথা বলেন। তিনি বলেন, ভারত ও অস্ট্রেলিয়া উভয় দেশই প্রাণবন্ত গণতন্ত্র এবং গুরুত্বপূর্ণ সামুদ্রিক শক্তি হিসেবে প্রতিষ্ঠিত। পারমাণবিক শক্তি ক্ষেত্রে দু'দেশের মধ্যে একটি গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষর করা হয়েছে। এটি অস্ট্রেলিয়া থেকে ভারতে ইউরেনিয়াম সরবরাহের পথ প্রশস্ত করবে এবং পরিচ্ছন্ন জ্বালানি বিষয়ক উভয় দেশের লক্ষ্যকে আরও শক্তিশালী

করবে। নিরাপত্তা ক্ষেত্রেও সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে একটি যৌথ ঘোষণাপত্রে স্বাক্ষর করা হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, একবিংশ শতাব্দীর ভারত একটি উন্নত রাষ্ট্র হওয়ার লক্ষ্যে কাজ করে চলেছে। ভারত এমন একটি দেশ যা আরও উন্নতি করা এবং আরও বেশি কিছু অর্জন করার ওপর বিশ্বাসী।

########Byte-PM#######

******************************

**Flood Situation :**

গত দু'দিনের অবিরাম বর্ষণে ঊনকোটি জেলার দেও এবং মনুনদী ও তার শাখা লক্ষীছড়ায় জলস্ফীতির কারণে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। নদীগুলোর জলস্তর বিপদসীমার উপর দিয়ে বইছে। বন্যার কারণে উদ্ভুত পরিস্থিতিতে ত্রাণ ও উদ্বারে প্রশাসন যুদ্ধকালীন তৎপরতায় কাজ করছে। NDRF, আপদামিত্র, সিভিল ভলান্টিয়ারর্সরা দুর্গত জনগণকে যথাযথ সহায়তা করে যাচ্ছে। ঊনকোটি জেলায় মোট ৩৫টি ত্রাণ শিবিরে ১ হাজার ৪১৫টি পরিবারের সর্বমোট ৬ হাজার ৬৮ জন আশ্রয় নিয়েছেন। এরমধ্যে কুমারঘাট মহকুমায় ২৩টি ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছে ৬৬১ পরিবারের ২৭২৭ জন।

এদিকে, কৈলাশহর মহকুমাতেও ১২টি ত্রাণ শিবির খোলা হয়েছে। শিবিরগুলিতে ৭৫৪ পরিবারের ৩ হাজার ৩৪১ জন বন্যা দুর্গত মানুষ আশ্রয় নিয়েছে। ঊনকোটি জেলার জেলাশাসক মেঘা জৈন, অতিরিক্ত জেলা শাসক সাগর শোভন দেবনাথ, বিপর্যয় মোকাবিলা বিভাগের ঊনকোটি জেলার জেলা প্রোগ্রাম আধিকারিক শুভজিৎ নাথ বিভিন্ন বন্যা কবলিত এলাকা ঘুরে দেখেন। তারা বন্যা দুর্গতদের সঙ্গে কথা বলেন।

প্রশাসন ঊনকোটি জেলার বিভিন্ন স্থানের বন্যা নিরোধক বাঁধের প্রয়োজনভিত্তিক মেরামতি করছে। শহরে বৃষ্টির জল নিষ্কাশনের জন্য পাম্প মেশিনকে কাজে লাগানো হয়েছে। পরিস্থিতির উপর তীক্ষ্ণ নজর রাখছে প্রশাসন। শিবিরে আশ্রিত বন্যা দুর্গত মানুষকে রান্না করা খাবার, পানীয়জল সহ শিশুখাদ্য সরবরাহ করা হচ্ছে। ত্রাণ শিবিরে স্বাস্থ্য দপ্তর থেকে স্বাস্থ্য

পরীক্ষা ও বিনামূল্যে ঔষধপত্র বিতরণ করা হচ্ছে। এদিকে বন্যার কারণে বহু শস্যক্ষেত জলের নীচে। এরফলে গ্রীষ্মকালীণ শাক-সবজির ব্যাপক ক্ষতির সম্ভাবনা রয়েছে।

তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস আজ ঊনকোটি জেলার ফটিকরায় বিধানসভা কেন্দ্রের অধীন বিভিন্ন ত্রাণ শিবির ও বন্যা কবলিত এলাকা পরিদর্শন করেন। তিনি বন্যাদুর্গতদের আশ্বস্ত করেন, রাজ্য সরকার বন্যায় ক্ষতিগ্রস্থ মানুষের পাশে রয়েছে। শিবিরবাসীদের শিবিরে থাকাকালীন সুবিধা অসুবিধা বিষয়ে তিনি খোঁজখবর নেন। মন্ত্রী শ্রী দাস আকাশবাণীর ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে জানিয়েছেন, প্রশাসন, জনপ্রতিনিধিরা বন্যাদুর্গতদের পাশে রয়েছেন। মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর সহ সংশ্লিষ্ট দপ্তর আধিকারিক ও কর্মীরা বন্যায় ক্ষতিগ্রস্থদের পাশে থেকে প্রয়োজনীয় সহায়তা করে যাচ্ছেন।

বন্যা পরিস্থিতির কারণে খোয়াই জেলার দুটি মহকুমায় মোট ৫৩২টি পরিবারের ১ হাজার ৮৩৬ জন দশটি শরণার্থী শিবিরে আশ্রয় নিয়েছেন। তেলিয়ামুড়া মহকুমায় খোয়াই নদীর পার্শ্ববর্তী অঞ্চলে বসবাসকারী জনগণের বাড়ি ঘরে নদীর জল প্রবেশ করেছে। খোয়াই পুর পরিষদের ৩নং ওয়ার্ডের হর কুমার অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ২০টি পরিবারের মোট ৮০ জন, দশরথ দেব মেমোরিয়াল কলেজে ২৫ পরিবারের মোট ৯৩ জন ও খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে ৪৩টি পরিবারের মোট ১৫৬ জন আশ্রয় নিয়েছে। খোয়াই জেলার জিলা সভাধিপতি এবং খোয়াই পুর পরিষদের চেয়ারম্যান সহ প্রশাসনিক আধিকারিকরা আজ শরণার্থী শিবিরগুলি পরিদর্শন করেন। তাঁরা বন্যা দুর্গতদের সব ধরনের সহায়তার আশ্বাস দেন।

***********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দেশের সীমান্ত নিরাপত্তা কাঠামোকে শক্তিশালী করার উপর গুরুত্ব আরোপ করেছেন। তিনি আজ নয়াদিল্লিতে সীমান্ত জেলাগুলির পুলিশ সুপারদের একটি সম্মেলনে পৌরহিত্য করেন। জম্মু ও কাশ্মীর, পাঞ্জাব, উত্তরাখণ্ড, রাজস্থান, গুজরাট, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ এবং উত্তর-পূর্বের রাজ্য সহ সীমান্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির পুলিশ সুপাররা এই সম্মেলনে অংশগ্রহণ করেছেন। ঝুঁকিপূর্ণ সীমান্ত অঞ্চলের বর্তমান পরিস্থিতি মূল্যায়ন এবং আইন প্রয়োগ উন্নত করার উপায় চিহ্নিত করার মাধ্যমে নিরাপত্তা কাঠামোকে শক্তিশালী করাই এই সম্মেলনের লক্ষ্য। অনুপ্রবেশ, অবৈধ অভিবাসন, ড্রোন হুমকি এবং মাদক পাচার এই বিষয়গুলি বৈঠকে প্রাধান্য পায়।

***************************

**NF Railway :**

ভারতীয় রেলওয়ে যাত্রীদের স্বাচ্ছন্দ্য, সুরক্ষা এবং সামগ্রিক ভ্রমণ অভিজ্ঞতা উন্নত করার লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে, রানি কমলাপতি - আগরতলা স্পেশাল এক্সপ্রেস ট্রেনে প্রচলিত আইসিএফ কোচের পরিবর্তে আধুনিক লিঙ্কে হফম্যান বুশ কোচ চালু করছে। রানি কমলাপতি–আগরতলা

স্পেশাল এক্সপ্রেসটি আগামীকাল রানি কমলাপতি থেকে নতুন এলএইচবি রেক নিয়ে যাত্রা শুরু করবে। একইভাবে, আগরতলা – রানি কমলাপতি স্পেশাল এক্সপ্রেসটি আগামী ১২ই জুলাই আগরতলা থেকে নতুন এলএইচবি রেক নিয়ে যাত্রা করবে। নতুন চালু হওয়া এলএইচবি র‍্যাকটিতে ২২টি কোচ থাকবে।

*****************************

**PLANTATION DRIVE :**

পূর্ত দপ্তরের রাজনগর সাব-ডিভিশনের উদ্যোগে আজ কমিউনিটি হেলথ সেন্টারে বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিধায়ক স্বপ্না মজুমদার "এক পেড় মা কে নাম" কর্মসূচির তাৎপর্য বিস্তারিত ব্যাখ্যা করে বক্তব্য রাখেন। উপস্থিত ছিলেন জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি, মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: জোতির্ময় দাস প্রমুখ।

*****************************

**ADOPTION REGULATIONS :**

প্রতিটি অনাথ শিশুর সুস্থ, নিরাপদ ভবিষ্যতের লক্ষ্যে রাজ্য সরকার দত্তক প্রক্রিয়ার বিধিমালা সরলিকরনে উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায়। আজ আগরতলা প্রজ্ঞাভবনে স্টেট অ্যাডঅপশন রেসোর্স এজেন্সি এবং সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর আয়োজিত এক প্রশিক্ষণ শিবিরে তিনি জানান, অনাথ শিশুদের জন্য হোম সংখ্যা বাড়ানো হচ্ছে। আগামীদিনে কৈলাসহরে মেয়েদের জন্য একটি নতুন হোম করা হবে। তিনি আরো জানান, গত বছরে রাজ্যের ছয়টি শিশুকে দত্তক দেওয়া হয়েছে। এর মধ্যে চারটি দেশে। দুইটি বিদেশে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের বিশেষ সচিব তপন কুমার দাস।

************************

**FIFA World Cup :**

ফুটবল বিশ্বকাপে আজ শুরু হচ্ছে কোয়ার্টার ফাইনাল পর্ব। চারটি ম্যাচে আটটি দেশ খেলতে নামবে পরবর্তী সেমিফাইনাল নিশ্চিত করার লক্ষ্যে। ভারতীয় সময় আজ রাত দেড়টায় আমেরিকার বোস্টন স্টেডিয়ামে ফ্রান্স মুখোমুখি হবে মরক্কোর।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, ধলাই, খোয়াই, ঊনকোটি, গোমতী ও সিপাহীজলা জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

****************************